ভোরের কাগজ

39

তারিখ ... JUL 30 1999 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... [illegible] ...

# বুয়েটের বহিষ্কৃত ৩ ছাত্রের রিট খারিজ

সুপ্রিম কোর্ট প্রতিবেদক : প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভাঙচুর করার অভিযোগে বহিষ্কৃত তিনজন ছাত্রের রিট আবেদন গতকাল বৃহস্পতিবার হাইকোর্ট বিভাগের একটি ডিভিশন বেঞ্চ খারিজ করে দিয়েছে। তবে একই অভিযোগে চিরতরে বহিষ্কৃত সানাউল হক রবিনের বহিষ্কারাদেশ পরিবর্তন করে অন্য তিনজনের মতো এক বছর স্থগিতসহ ২ বছরের বহিষ্কারের নির্দেশ দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন ভাঙচুরের দায়ে গত ২৪ জুন সুভাশীষ দাস রবি, মোঃ রবিন অদম্য ও মোঃ হারুন অর রশিদকে এক বছর স্থগিতসহ ২ বছরের জন্য বহিষ্কার করা হয়। একই অভিযোগে মোঃ সানাউল হক রবিনকে চিরতরে বহিষ্কার করা হয়। তারা পৃথক পৃথক রিট আবেদন করে কর্তৃপক্ষের বহিষ্কারাদেশ চ্যালেঞ্জ করে।